...

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
প্রশাসন শাখা

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি	নাসরীন আফরোজ ব্যবস্থাপনা পরিচালক
সভার তারিখ	০৯ মার্চ ২০২০
সভার সময়	সকাল: ১১.০০ টায়
স্থান	ট্রাস্টের সম্মেলন কক্ষ
উপস্থিতি	“ক”

সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন।

২। সভাপতির অনুমতিক্রমে সহকারী পরিচালক, (প্রশাসন) গত ২০ ফেব্রুয়ারি ২০২০ তারিখের সমন্বয় সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

৩। সভায় বিভিন্ন বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্রম	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.	সহকারী পরিচালক (উপবৃত্তি) জানান, বিগত সভার সিদ্ধান্ত মোতাবেক বৈদেশিক প্রশিক্ষণের ক্ষেত্রে পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের বিষয়ে PPR-২০০৮ ও PPA-২০০৬ এর আলোকে কাজ করার জন্য CPTU এর সাথে যোগাযোগ করা হয়েছে।	অনিবার্য কারণে এ বিষয়ে কার্যক্রম আপাতত স্থগিত রাখার সিদ্ধান্ত হয়।	সহকারী পরিচালক (উপবৃত্তি) এবং প্রোগ্রামার
২.	প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের সহকারী পরিচালক (প্রশাসন) সভা-কে অবহিত করেন যে, ট্রাস্টের কর্মকর্তা/কর্মচারীদের পেনশন পরিকল্পের প্রুফ রিডিং এর জন্য অভিজ্ঞতাসম্পন্ন পেশাজীবী প্রুফ রিডারের নিকট প্রেরণ করা হয়েছে। প্রুফ রিডিং সম্পন্ন হলে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাবেক অতিরিক্ত সচিব জনাব মোহাম্মদ ফিরোজ মিয়ার কে দেখানো হবে।	প্রুফ রিডিং এর পর দ্রুত জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাবেক অতিরিক্ত সচিব জনাব মোহাম্মদ ফিরোজ মিয়ার নিকট পরিকল্পটি দেখানোর সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী পরিচালক (প্রশাসন)

৩.	ট্রাস্টের প্রোগ্রামার জানান, সর্বশেষ ১৫ ফেব্রুয়ারি ২০২০ তারিখের রিপোর্টে দেখা যায় ই-নথি কার্যক্রমে ট্রাস্টের অবস্থান ৪১তম। সভাপতি এতে সন্তোষ প্রকাশ করেন।	ই-নথি কার্যক্রমে অগ্রগতির এ ধারা অব্যাহত রাখতে হবে।	ট্রাস্টের সকল কর্মকর্তা
৪.	এ যাবৎ ট্রাস্টে যেসব প্রশিক্ষণ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে সেসব প্রশিক্ষণে অংশগ্রহণের পর কর্মকর্তা/কর্মচারীদের জ্ঞান বা দক্ষতার কতটুকু অগ্রগতি হয়েছে তা মূল্যায়ণ করার বিষয়ে আলোচনা হয়।	আগামী ১৬ মার্চ ২০২০ তারিখে একটি লিখিত পরীক্ষার মাধ্যমে কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন করা হবে।	উপ-পরিচালক
৫.	সভাপতি সভায় জানান, গত ৪ মার্চ ২০২০ তারিখে বরিশাল জেলায় এবং ৫ মার্চ ২০২০ তারিখে পটুয়াখালী জেলায় "শিক্ষা সহায়তা ব্যবস্থাপনা" বিষয়ক কর্মশালা ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। এ অর্থ বছরের মধ্যে অবশিষ্ট জেলাগুলোতে কর্মশালা সমাপ্ত করার বিষয়ে সভায় আলোচনা হয়।	২০১৯-২০ অর্থ বছরের মধ্যে অবশিষ্ট জেলাগুলোতে "শিক্ষা সহায়তা ব্যবস্থাপনা" বিষয়ক কর্মশালা অনুষ্ঠানের কার্যক্রম চলমান থাকবে। প্রতিটি কর্মশালায় সিনেসিস আইটির একজন প্রতিনিধি এবং ট্রাস্টের প্রোগ্রামার অথবা সহকারী প্রোগ্রামার আবশ্যিকভাবে অংশগ্রহণ করবেন।	সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)
৬.	ট্রাস্টের কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য আরো কিছু প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে আলোচনা হয়।	কম্পিউটার বিষয়ক মৌলিক প্রশিক্ষণ, আর্থিক ব্যবস্থাপনা, PPR-২০০৮ এবং PPA-২০০৬ এর উপর প্রশিক্ষণ কার্যক্রম অনুষ্ঠিত হবে।	সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) এবং প্রোগ্রামার
৭.	অডিট বিষয়ক কাজের অগ্রগতি সম্পর্কে আলোচনা হয়।	সহকারী পরিচালক (অর্থ ও হিসাব) এ বিষয়ে ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখবেন।	সহকারী পরিচালক (অর্থ ও হিসাব)
৮.	"দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে আর্থিক সহায়তা নীতিমালা, ২০১৯" (সংশোধিত) এবং "দুর্ঘটনায় গুরুতর আহত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের এককালীন আর্থিক অনুদান প্রদান নীতিমালা, ২০১৯" (সংশোধিত) পুনরায় সংশোধনের বিষয়ে আলোচনা হয়।	উপ-পরিচালক, সহকারী পরিচালক (সকল) এবং প্রোগ্রামার-কে নিয়ে নীতিমালা সংশোধনের লক্ষ্যে একটি কমিটি গঠন করা হবে। উক্ত কমিটি ৩১ মার্চের মধ্যে এ সংক্রান্ত সুপারিশ প্রদান করবেন।	উপ-পরিচালক ও সহকারী পরিচালক (প্রশাসন)

৯.	ট্রাস্ট অফিসের সার্বিক পরিস্কার পরিচ্ছন্নতার বিষয়ে আলোচনা হয়।	ক) বিভিন্ন কক্ষের ভার্টিক্যাল ব্লাইন্ড পর্দাগুলো পরিস্কার করতে হবে। খ) সুইপার প্রতিদিন সকাল ৭.৩০ টায় অফিসে উপস্থিত থেকে সকল কক্ষ ও ওয়াশ রুমের পরিচ্ছন্নতা নিশ্চিত করবে।	সহকারী পরিচালক (প্রশাসন)
১০.	২০১৯-২০ অর্থবছরে ক্রয় পরিকল্পনা অনুযায়ী স্টেশনারি ও কম্পিউটার সামগ্রী ক্রয়ের কাজ সমাপ্ত করার বিষয়ে আলোচনা হয়।	ক) যাচাই বাছাই করে প্রয়োজনীয় কম্পিউটার ও স্টেশনারি সামগ্রী উন্মুক্ত দরপত্রের মাধ্যমে ক্রয় করা হবে। কম্পিউটার ক্রয়ের ক্ষেত্রে (কমপক্ষে ০৪ জিবি র‍্যাম) হাই কনফিগারেশনের কম্পিউটার ক্রয় করতে হবে। খ) ট্রাস্টের জন্য ইলেকট্রিক টুলবক্স ও ফাস্ট এইড বক্স ক্রয় করা হবে।	সহকারী পরিচালক (অর্থ ও হিসাব)/ সহকারী পরিচালক (প্রশাসন) এবং প্রোগ্রামার
১১.	ট্রাস্টি বোর্ড এবং উপদেষ্টা পরিষদের সভার সিদ্ধান্তের আলোকে প্রত্যেক শাখার কর্মকর্তাদের স্ব স্ব দায়িত্ব এবং কার্যক্রমের অগ্রগতি বিষয়ে আলোচনা হয়।	ট্রাস্টি বোর্ড, উপদেষ্টা পরিষদ এবং ট্রাস্টের প্রতিমাসের সমন্বয় সভার সিদ্ধান্তের আলোকে গৃহীত কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন প্রতিমাসের সমন্বয় সভার আগের দিন ব্যবস্থাপনা পরিচালকের নিকট উপস্থাপন করতে হবে।	সহকারী পরিচালক (প্রশাসন)

নাসরীন আফরোজ
ব্যবস্থাপনা পরিচালক

স্মারক নম্বর: ৩৭.২৪.০০০০.০০১.০৬.০০২.১৮.৫০

তারিখ: ২৮ ফাল্গুন ১৪২৬
১২ মার্চ ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
২) উপ-পরিচালক, উপ-পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৩) সহকারী পরিচালক, উপবৃত্তি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৪) সহকারী পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৫) সহকারী পরিচালক , প্রশাসন শাখা , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৬) সহকারী পরিচালক, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৭) প্রোগ্রামার , এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৮) সহকারী প্রোগ্রামার , এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৯) হিসাবরক্ষণ কর্মকর্তা, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১০) ব্যক্তিগত সহকারী, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১১) ব্যক্তিগত সহকারী, পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১২) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৩) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, পরিকল্পনা ও উন্নয়ন শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৪) ডাটা এন্ট্রি অপারেটর, এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৫) ডাটা এন্ট্রি অপারেটর, এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৬) ডাটা এন্ট্রি অপারেটর, এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৭) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপবৃত্তি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৮) ডাটা এন্ট্রি অপারেটর, এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

RJahan

রেজওয়ানা আক্তার জাহান
সহকারী পরিচালক